# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ দশম অধ্যায় - পবিত্র বাইবেল ও মুহাম্মাদ (ﷺ)

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

---

(১১) যিশাইয় ২১/১৩-১৭

“আরব বিষয়ক দৈববাণী (The burden upon Arabia)। হে দদানীয় (Dedanim) পথিকদলগুলো, তোমরা আরবে বনের মধ্যে রাত যাপন করবে। তোমরা পিপাসিত লোকদের কাছে পানি আন; হে টেমা (Tema)-দেশবাসীরা, তোমরা খাদ্য নিয়ে পলাতকদের সঙ্গে সাক্ষাৎ কর। কেননা তারা তলোয়ারের সম্মুখ থেকে, খোলা তলোয়ারের, বাঁকানো ধনুকের ও প্রচণ্ড যুদ্ধের সম্মুখ থেকে পালিয়ে গেল। বস্তুত প্রভু আমাকে এই কথা বললেন, বেতনজীবীর বছরের মত আর এক বছরের মধ্যে কায়দারের (কেদরের: Kedar) সমস্ত প্রতাপ শেষ হয়ে যাবে; আর কায়দার (Kedar)-বংশীয় বীরদের মধ্যে অল্প তীরন্দাজ মাত্র অবশিষ্ট থাকবে, কারণ মাবুদ, ইসরাইলের আল্লাহ, এই কথা বলেছেন।” (ইশাইয়া ২১/১৩-১৭, মো.-১৩)

কায়দার বা কেদর (Kedar) ইসমাঈলের (আ) দ্বিতীয় পুত্র। (আদিপুস্তক ২৫/১৩)। বাইবেলে বারংবার ইসমাঈল-বংশ এবং আরবদেরকে ‘কায়দার’ বা ‘কেদর’ (Kedar) বলা হয়েছে। (আদিপুস্তক ২৫/১২-১৩; ১ বংশাবলি ১/২৯; গীতসংহিতা ১২০/৫; পরমগীত ১/৫; যিশাইয় ৪২/১১, ৬০/৭; যিরমিয় ২/১০, ৪৯/২৮; যিহিষ্কেল ২৭/২১)। সুস্পষ্টতই Tema বলতে ‘তিহামা’ বোঝানো হয়েছে। মক্কা, জিদ্দা, মদীনা ও পার্শ্ববর্তী অঞ্চলকে প্রাচীনকাল থেকে তিহামা বলা হয়।

‘টেমা’ শব্দের অর্থ ও ব্যাখ্যায় ইসটোন’স বাইবেল ডিকশনারি বলছে:

“south; desert, one of the sons of Ishmael, and father of a tribe so called (Gen. 25:15; 1 Chr. 1:30; Job 6:19; Isa. 21:14; Jer. 25:23) which settled at a place to which he gave his name, some 250 miles south-east of Edom, on the route between Damascus and Mecca, in the northern part of the Arabian peninsula, toward the Syrian desert; the modern Teyma'.”

“দক্ষিণ; মরুভূমি, ইসমাইলের এক পুত্রের (নবম পুত্রের) নাম, এ নামে পরিচিত একটি গোত্রের নাম (আদিপুস্তক/ পয়দায়েশ ২৫/১৫, ১ বংশাবলি/ খান্দাননামা ১/৩০; ইয়োব/ আইউব ৬/১৯; যিশাইয় ২১/১৪; যিরমিয় ২৫/২৩)। এ গোত্রের মানুষেরা যেখানে বসবাস করত সে স্থানটাকে এ নাম দেওয়া হয়। ইদোমের আনুমানিক ২৫০ মাইল দক্ষিণ-পূর্বে, দামেশক থেকে মক্কা যাওয়ার পথে, আরব উপদ্বীপের উত্তর অংশে, সিরীয় মরুভূমির দিকে; আধুনিক তাইমা।”[1]

একটা ভবিষ্যদ্বাণী যতটুকু স্পষ্ট হওয়া সম্ভব ততটাই স্পষ্ট এই ভবিষ্যদ্বাণী। এখানে স্পষ্টভাবেই রাসূলুল্লাহ (সা.)-এর হিজরত ও বদরের যুদ্ধে কুরাইশদের পরাজয়ের কথা বলা হয়েছে। রাসূলুল্লাহ (সা.) উন্মুক্ত নিষ্কোষিত তরবারীর সম্মুখ থেকে হিজরত করেন। তিহামা, মদীনাবাসী বা আরব উপদ্বীপের উত্তরের বাসিনদাদেরকে নির্দেশ দেওয়া হলো তাদের সাহায্য করার জন্য। পরবর্তী এক বছরের মধ্যে বদরের যুদ্ধে কায়দারের বা কুরাইশের

প্রতাপ লুপ্ত হয়। তাদের অধিকাংশ প্রসিদ্ধ যোদ্ধা এ যুদ্ধে নিহত হয়।

## ফুটনোট

[1] https://www.biblegateway.com/resources/eastons-bible-dictionary/Tema

Source — https://www.hadithbd.com/books/link/?id=14662

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন